জীবননগরে সংসদ সদস্য রুহুল আমিনের গণসংবর্ধনা ও ইফতার মাহফিল

জীবননগর উপজেলার রায়পুর ইউনিয়নবাসীর উদ্যোগে গণসংবর্ধনা ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

রবিবার বিকেলে রায়পুর হাইস্কুল মাঠে এ কর্মসূচির আয়োজন করা হয়। এলাকাবাসীর স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে মাঠজুড়ে উৎসবমুখর পরিবেশের সৃষ্টি হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জামায়াতে ইসলামী রায়পুর ইউনিয়ন শাখার সভাপতি আমির হামজা। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য রুহুল আমিন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা নায়েবে আমির আজিজুর রহমান, জেলা তালিমুল বিভাগের সভাপতি মহিউদ্দিন, জেলা তারবিয়াতি সেক্রেটারি মো. জিয়াউর রহমান, জীবননগর উপজেলা চেয়ারম্যান পদপ্রার্থী সাখাওয়াত হোসেন, ভাইস-চেয়ারম্যান প্রার্থী হাফিজুর রহমান ও মো. সাজেদুর রহমানসহ স্থানীয় নেতৃবৃন্দ।

প্রধান অতিথির বক্তব্যে সংসদ সদস্য রুহুল আমিন রায়পুর ইউনিয়নবাসীকে ধন্যবাদ জানান। এ সময় ইউনিয়নবাসীর পক্ষ থেকে বিভিন্ন রাস্তাঘাটসহ উন্নয়নমূলক দাবি তুলে ধরা হলে তিনি মনোযোগ দিয়ে তা শোনেন এবং বাস্তবায়নের আশ্বাস দেন।

তিনি বলেন, সংসদ সদস্য নির্বাচিত হওয়ার পর প্রশাসনের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের সঙ্গে তিনি বৈঠক করেছেন। পূর্বে কাজের ক্ষেত্রে কমিশন নেওয়ার অভিযোগ ছিল উল্লেখ করে তিনি জানান, নিজের কোনো কমিশনের প্রয়োজন নেই; সততার সঙ্গে উন্নয়নমূলক কাজ বাস্তবায়নের আহ্বান জানান তিনি। জনগণের প্রাপ্য যেন সঠিকভাবে পৌঁছে যায় সে বিষয়ে তিনি গুরুত্বারোপ করেন।

তিনি আরও বলেন, জনকল্যাণমূলক কাজে কোনো বাধা সহ্য করা হবে না। শিক্ষা, চিকিৎসা, কর্মসংস্থান ও মাদক প্রতিরোধসহ বিভিন্ন খাতে সমন্বিতভাবে কাজ করে চুয়াডাঙ্গা জেলাকে নতুনভাবে গড়ে তোলার

আহ্বান জানান তিনি।
অনুষ্ঠান শেষে দেশ ও জাতির কল্যাণ কামনা করে বিশেষ দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়।

মেহেরপুরে বিএনপি নেতা অ্যাড. কামরুল হাসানের উদ্যোগে ইফতার মাহফিল

বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) মেহেরপুর জেলা শাখার সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসানের নিজ উদ্যোগে গতকাল বৃহস্পতিবার রায়পুর গ্রামে এক ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান, যিনি তার বক্তব্যে দেশ, জাতি ও দলের কল্যাণ কামনায় সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান। এ সময় তিনি আগত নেতাকর্মী ও সাধারণ মানুষের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন।
অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন জেলা জাসাসের সদস্য সচিব বাকা বিল্লাহ, সদর উপজেলা বিএনপির সাবেক জয়েন্ট সেক্রেটারি রাকিবুল ইসলাম রিপন, রায়পুর ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের সভাপতি হাবিবুর রহমান টুকু, এবং আমদাহ ইউনিয়ন বিএনপির সভাপতি ইলিয়াস বিশ্বাস।

ইফতার মাহফিল শেষে দেশ ও জাতির শান্তি, সমৃদ্ধি এবং দলের অগ্রগতি কামনায় বিশেষ দোয়া পরিচালনা করা হয়। অনুষ্ঠানে স্থানীয় নেতাকর্মী এবং গণ্যমান্য ব্যক্তিবর্গ অংশগ্রহণ করেন।

মহান স্বাধীনতা দিবসে গাংনীতে জাতীয় নাগরিক পার্টির ইফতার

মহান স্বাধীনতা দিবস উপলক্ষ্যে মেহেরপুরের গাংনীতে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি’র) আলোচনা সভা ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। আজ ২৬ শে মার্চ বুধবার গাংনীর একটি রিসোর্টে ফ্যাসিবাদ বিরোধী রাজনীতিবিদ, মুক্তিযোদ্ধা, ছাত্র-শ্রমিক, জনতা, পেশাজীবী, অ্যাক্টিভিস্ট, ওলামায়ে কেরাম, সাংবাদিক ও বিভিন্ন শ্রেণীর নাগরিকদের সম্মানে এই ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়।

জাতীয় নাগরিক পার্টি-এনসিপি’র গাংনী উপজেলা শাখার উদ্যোগে আয়োজিত এই ইফতার মাহফিলে সভাপতিত্ব করেন বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের মেহেরপুর জেলা শাখার সদস্য সচিব মোজাহিদুল ইসলাম। ইফতার মাহফিলে প্রধান অতিথির বক্তব্য রাখেন, জাতীয় নাগরিক পার্টির কেন্দ্রীয় যুগ্ম সমন্বয়ক ও সুপ্রীম কোর্টের আইনজীবি শাকিল আহমাদ।

এ সময় তিনি বলেন, ফ্যাসিবাদ বিরোধী রাষ্ট্র গঠনে ও বাংলাদেশকে দুর্নীতিমুক্ত করতে প্রয়োজনে নিজের বুকের রক্ত আরো একবার ঢেলে দেব। তবু বাংলাদেশের স্বাধীনতা, সার্বভৌমত্বকে ভূলুণ্ঠিত হতে দেওয়া যাবে না।

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, গাংনী উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডের সাবেক কমান্ডার সামসুল আলম সোনা, গাংনী উপজেলা জামায়াতের আমীর ডাক্তার রবিউল ইসলাম, জেলা জামায়াতের সূরা সদস্য নাজমুল হুদা, জেলা বিএনপির সাবেক সহ-সাংগাঠনিক সম্পাদক কাজী মিজান মেনন, জেলা যুবদলের সিনিয়র সহ-সভাপতি আব্দাল হক, কাজিপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মুহ, আলম হুসাইন, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের মেহেরপুর জেলা শাখার ইমতিয়াজ আহমেদ।

বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের মেহেরপুর জেলা শাখার যুগ্ম সদস্য সচিব শামীম আহমেদ আযম ও সদস্য আব্দুল্লাহ আল আসাদের সঞ্চালনায় অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে মোজাহিদুল ইসলাম বলেন, জুলাই গণঅভ্যুত্থানের পর বাংলাদেশ যে দ্বিতীয় স্বাধীনতা পেয়েছে তার স্বাদ আপামর জনসাধারণের মাঝে পৌঁছে দিতে হবে। ‘বাংলাদেশ প্রথম’ এই রাজনীতিক দর্শনকে কেন্দ্র করেই জাতীয় নাগরিক পার্টি

সামনের দিকে এগিয়ে যাবে ইনশাল্লাহ।

অনুষ্ঠানে গাংনী উপজেলার জাতীয় নাগরিক পার্টির বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

মহাজনপুরে বিএনপির ইফতার ও দোয়া মাহফিল

সঙ্গে থাকুন, জনগণকে সঙ্গে রাখুন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের এই স্লোগানে মহাজনপুর ইউনিয়ন বিএনপির ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।
সোমবার মহাজনপুর কলেজ মাঠে অনুষ্ঠিত ইফতার ও দোয়া অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সদস্য ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন।
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর পৌর বিএনপি’র সাবেক সভাপতি ও জেলা বিএনপি’র যুগ্ম আহ্বায়ক জাহাঙ্গীর বিশ্বাস, মহাজনপুর ইউনিয়ন বিএনপি’র সাবেক সভাপতি, জেলা শ্রমীকদলের সভাপতি আহসান হাবীব সোনাসহ সকল অঙ্গ সহযোগী সংগঠনের নেতৃবৃন্দরা উপস্থিত ছিলেন। ইফতার ও দোয়া মাহফিলে সহস্রাধিক নেতাকর্মী অংশ নেন।

মেহেরপুরে বসুন্ধরা শুভসংঘের উদ্যোগে ইফতার ও দোয়া

পবিত্র রমজান উপলক্ষে মেহেরপুরে বসুন্ধরা শুভসংঘের উদ্যোগে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।
রবিবার (২৩ মার্চ) সন্ধ্যায় মেহেরপুর সরকারী কলেজ প্রাঙ্গনে এই ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

ইফতার ও দোয়া মাহফিলে অংশগ্রহণ করেন শিক্ষক, এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ, শিক্ষার্থীসহ নানা শ্রেণী পেশার মানুষ।
কলেজ শিক্ষক ও বসুন্ধরা শুভসংঘ মেহেরপুর জেলা শাখার সভাপতি এস এম রফিকুল আলম বকুলের সভাপতিত্বে এসময় বসুন্ধরা শুভ সংঘের উপদেষ্টা ও কালের কণ্ঠের মেহেরপুর প্রতিনিধি ইয়াদুল মোমিন, উপদেষ্টা সাবেক শিক্ষক নুরুল আহমেদ, বসুন্ধরা শুভসংঘ জেলা শাখার সাধারণ সম্পাদক তরুণ সংগঠক মো. নাফিউল ইসলাম, সাংগঠনিক সম্পাদক মো. অনিক হাসান, দপ্তর সম্পাদক মো. নিজাম উদ্দিন, প্রচার ও প্রকাশনা সম্পাদক মো. নাসিম হাসান, কর্মপরিকল্পনা সম্পাদক মোছা. খাদিজা বেগম, অর্থ সম্পাদক মাসুম সুলতানা রানি, নারী ও শিশু সম্পাদক তামান্না তানভির, শিক্ষা ও পাঠচক্র সম্পাদক মোছা. সামসুন্নাহার, ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা সম্পাদক মো. মাসুদুর রহমান, ক্রীড়া সম্পাদক আলকামা সিদ্দিকী তারিফ, স্বাস্থ্য ও মানব সম্পদ সম্পাদক আবদুল্লাহ আল নোমান প্রমুখ উপস্থিত ছিলেন।
ইফতারের পূর্বে ফিলিস্তিনের জনগণসহ সমস্ত মুসলিম উম্মাহ, দেশবাসী ও বসুন্ধরা গ্রুপের জন্য দোয়া ও শান্তি কামনা করা হয় ।

আলমডাঙ্গায় ওয়েলফেয়ার সোসাইটি উদ্যোগে ইফতার মাহফিল

আলমডাঙ্গা উপজেলা গ্রাম্য চিকিৎসক (আরএমপি) ওয়েলফেয়ার সোসাইটির উদ্যোগে ইফতার মাহফিল ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। আলমডাঙ্গা স্টেশনপাড়ায় আজ শুক্রবার এই ইফতার মাহফিল ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আলোচনা সভায় গ্রাম্য চিকিৎসক(আর এম পি) ওয়েলফেয়ার সোসাইটির আলমডাঙ্গা শাখার সভাপতি জিনারুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন আলমডাঙ্গা কেমিস্ট এন্ড ড্রাগিস্ট সমিতির সভাপতি আকবার আলি আকু।তিনি বলেন সারা বাংলাদেশে বিশ লক্ষ গ্রাম্য চিকিৎসকরা এক ছাতার তলে সংগঠিত হওয়ার লক্ষে কেন্দ্রীয় কমিটি নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। সেই আলোকে চুয়াডাঙ্গা জেলা কমিটি সহ আলমডাঙ্গা তে আহব্বায়ক কমিটি গঠন করা হয়েছে। গ্রাম্য চিকিৎসকদের আত্মসম্মানের সহিত তাদের সেবামূলক কর্ম নির্বিঘ্নে করতে দিতে হবে।

বিশেষ অতিথি ছিলেন ডা: কে এন করিম,কাজী সজীব,রাকিবুল ইসলাম খানা,আবু জাফর,সহিদুল ইসলাম প্রমুখ।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন মোসারেফ হোসেন, এ কে আজাদ পাপ্পু, ইমন হোসেন, সামাদ আলি, আরাফাত রুদ্র রেজাউল করিম, মোস্তাফিজুর রহমান, বাইজেন, সাইন আলি, ডালিম হোসেন, হালিম হোসেন, লিয়াকত আলি, শেফাতুল্লা প্রমুখ।

দর্শনায় বন্ধুজন-৮৯ এর উদ্যোগে ইফতার মাহফিল ও দোয়া অনুষ্ঠিত

দর্শনায় বন্ধুজন-৮৯ এর উদ্যোগে ইফতার মাহফিল ও দোয়া অনুষ্টিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার দর্শনা সরকারী কলেজের একাডেমী ভবনে ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

দর্শনা সরকারী কলেজের প্রয়াত প্রতিষ্ঠাতা শিক্ষক-সহপাটি বন্ধুদের রূহের মাগফিরাত কামনা করে দোয়া করা হয়েছে। দর্শনা কাষ্টমস্ কলনী জামে মসজিদের পেশ ঈমাম দোয়া পরিচালনা করেন।

ইফতার মাহফিলে অতিথি হিসাবে উপস্থিত বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলী, দর্শনা গণ-উন্নয়ন গ্রন্থাগারের পরিচালক আবু সফিয়ান।

এছাড়া বন্ধুজনের পক্ষে বক্তব্য রাখতে গিয়ে আব্দুস সামাদ আজাদ বিপু বলেন, আমরা দর্শনা সরকারী কলেজের ব্যাচের অনেক বন্ধুকে হারিয়েছি, আমাদের প্রিয় শিক্ষকদের হারিয়েছি। তাদের মাগফেরাত কামনা এবং সকল বন্ধু সময়ের প্রয়োজনে একত্রিত হতে একে অপরের চলার পথে খোজ খবর রাখা। অসহায় বন্ধুদের পাশে দাড়িঁয়ে সহযোগিতা করা আমাদের এসব অনুষ্ঠানের আয়োজন।

এছাড়া বন্ধুজনের পক্ষে বক্তব্য রাখেন, আব্দুল হাকিম, আজিজুল হক, সালাউদ্দিন কাজল, ইমতিয়াজ হোসেন, কচি, এটিএম খান রান, সরোজিৎ, আব্দুর রাজ্জাক প্রমুখ।

ইসলামিক মিডিয়া চুয়াডাঙ্গা’র পক্ষ থেকে ইফতার মাহফিল

ইসলামিক মিডিয়া চুয়াডাঙ্গা’র পক্ষ থেকে ইফতার মাহফিল ও মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার চুয়াডাঙ্গা চিকেন গার্ডেনে।

অসংখ্য সাংবাদিক ও লেখকের উপস্থিতিতে হাফেজ মাওলানা আব্দুল খালেক এর পরিচালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা জামায়াতের আমির মোঃ রুহুল আমিন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলার সহকারী সেক্রেটারী এডভোকেট মাসুদ পারভেজ রাসেল আরও উপস্থিত ছিলেন ছাত্র নেতা আরিফুল উদীয়মান লেখক শেখ মাসুদ রানা সাগর, কামাল উদ্দীন, মাওলানা আরিফুল ইসলাম হাওলাদার, ইকরামুল হক, নুরুজ্জামান, খন্দকার শরিফুল,মাহমুদুল হাসান সহ অসংখ্য লেখক সাংবাদিক ও বিভিন্ন পর্যায়ের ছাত্র নেতৃ বৃন্দ উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে রুহুল আমিন বলেন আমরা তিনটি কাজ করতে চাই, এক নম্বর সমাজের অবহেলিত মানুষ গুলোর পাশে থেকে একটি সোনালি সমাজ গড়তে হবে , দুই নম্বর, ন্যায় ও ইনসাফ ভিত্তিক সমাজ প্রতিষ্টার জন্য কুরআনের আইন বাস্তবা য়ন করতে হবে, তিন নম্বর, আমাদের সমস্ত কাজই হবে মহান আল্লাহর সন্তুষ্টি অর্জনের জন্য।

দামুড়হুদার জুড়ানপুর ইউনিয়ন আওয়ামী লীগের আয়োজনে ইফতার

মাহফিল

দামুড়হুদা উপজেলার ১নং জুড়ানপুর ইউনিয়ন আওয়ামী লীগ ও সকল সহযোগী সংগঠনের উদ্যোগে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তার পরিবারের সকল শহীদের আত্মার মাগফিরাত কামনা উপলক্ষে দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার জুড়ানপুর ইউনিয়নের বিষ্ণুপুর মাধ্যমিক বিদ্যালয় চত্বরে পবিত্র মাহে রমজান উপলক্ষে এ দোয়া ও ইফতার মাহফিলের আয়োজন করা হয়।

জুড়ানপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি অ্যাডভোকেট রেজাউল হক এর সভাপতিত্বে দোয়া ও ইফতার মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু।

অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জুড়ানপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবু তালেব, যুগ্ন সাধারণ সম্পাদক মতিয়ার রহমান মতি, ইউনিয়ন কৃষকলীগের সভাপতি ও ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি শরিফ উদ্দিন, সাধারণ সম্পাদক সালাহউদ্দিন, ২নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি মতিয়ার রহমান মন্টু, সাধারণ সম্পাদক গোলাম ছারোয়ার নান্নু,৩নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি খাইরুল ইসলাম, সাধারণ সম্পাদক মহিদুল ইসলাম, ৪নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শামিম রেজা, ৫ নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি রেজাউল হক, সাধারণ সম্পাদক আবুল কালাম, ৬নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি গোলাম মোস্তফা মধু, ৭নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা জালাল উদ্দীন, ৯নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি আব্দুল কুদ্দুছ, ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি ও প্যানেল চেয়ারম্যান আলমগীর হোসেন, ইউনিয়ন যুবলীগের যুগ্ন সাধারণ সম্পাদক মিলন হোসেন সহ ইউনিয়ন পরিষদের ইউপি সদস্যবৃন্দ সহ দোয়া ও ইফতার মাহফিলে দলীয় নেতা কর্মীরা অংশ নেয়।

এসময় উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু বলেন, দেশের অভাবনীয় উন্নয়নের সংক্ষিপ্ত বর্ণনা দিতে গিয়ে বলেন এই অসম্ভবকে সম্ভব করেছেন জননেত্রী শেখ হাসিনা তার প্রচন্ড দেশপ্রেম নিরলস প্রচেষ্টা ও বলিষ্ঠ নেতৃত্বের মাধ্যমে। এই উন্নয়নের ধারাকে অব্যাহত রাখতে যার যার অবস্থান থেকে সবাইকে একযোগে কাজ করতে হবে। আসন্ন উপজেলা পরিষদ নির্বাচনে দামুড়হুদা উপজেলাবাসীর কাছে

দোয়া কামনা করেন।

মুজিবনগরে বাগোয়ান ইউনিয়ন আওয়ামীলীগের আলোচনা সভা ও ইফতার মাহফিল

মুজিবনগরে বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের আলোচনা সভা ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার বিকেলে বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের উদ্যোগে মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স পর্যটন মোটেলে এ আলোচনা সভা ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়।

আলোচনা সভা ও ইফতার মাহফিলে বাগওয়ান ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মুজিবুর রহমান মধু এর সভাপতি তে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের (সাবেক) সাংগঠনিক সম্পাদক আয়ুব হোসেন, বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নজরুল ইসলাম,বাগোয়ান ইউনিয়ন পরিষদের সদস্য ৫ নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি রকিবউদ্দীনসহ বাগোয়ান ইউনিয়ন আওয়ামীলীগ, ওয়ার্ড আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের নেতৃকর্মীবৃন্দ।

উপজেলা সবচেয়ে বড় ইউনিয়ন বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগকে আরো গতিশীল করে, সংগঠিত করার মাধ্যমে মেহেরপুর মুজিবনগরের গর্ব জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেন এর হাতকে শক্তিশালী করে প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার উন্নয়নের ধারা অব্যাহত রাখার বিষয়ে বিশদ আলোচনা করেন অতিথিবৃন্দ।